

পশ্চিমবঙ্গ সরকার
জনশিক্ষা প্রসার অধিকার
বিকাশ ভবন, দশম তল
কলকাতা-৭০০ ০৯১

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ব্যবস্থাপনায় ২০১৮ সালে মাধ্যমিক/উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ কৃতি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী এবং এই দপ্তরের অধীনস্থ সমাজ কল্যাণ আবাসের কৃতি ছাত্রছাত্রীদের সম্বর্ধনা জ্ঞাপন করা হবে।

উক্ত সম্বর্ধনার জন্য আবেদনকারী/আবেদনকারিণীকে-

- ১। ক) অস্থি প্রতিবন্ধী এবং দৃষ্টি প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের মাধ্যমিক/সমতুল পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর পেতে হবে।
খ) শ্রবণ প্রতিবন্ধী মানসিক প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের মাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হলেই চলবে।
- ২। ক) অস্থি প্রতিবন্ধী এবং দৃষ্টি প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষার প্রথম ভাষা, দ্বিতীয় ভাষা এবং বাকি চারটি মুখ্য বিষয়ের মধ্যে সর্বাধিক নম্বর প্রাপ্ত তিনটি বিষয়ের মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৪৫% হতে হবে।
খ) শ্রবণ প্রতিবন্ধী/মানসিক প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হলেই চলবে।
- ৩। পশ্চিমবঙ্গ সরকার পোষিত এবং/অথবা স্বীকৃত মানসিক প্রতিবন্ধীদের প্রতিটি বিদ্যালয় থেকে একজন ছাত্র অথবা ছাত্রীকে (বিগত তিন বছরের মূল্যায়ন করে তার উন্নতির ভিত্তিতে) একই ভাবে সম্বর্ধিত করা হবে। সরকার পোষিত/স্বীকৃত মানসিক প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত শিক্ষক নির্বাচিত একজন ছাত্র/ছাত্রী সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা আধিকারিকের কার্যালয়ে পাঠাবেন।
- ৪। এই দপ্তরের অধীন সমাজ কল্যাণ আবাসের মাধ্যমিক/সমতুল পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর প্রাপক ছাত্রছাত্রীদের একই ভাবে সম্বর্ধিত করা হবে। উপরোক্ত সম্বর্ধনার জন্য আবেদনকারী/আবেদনকারিণীকে সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিকের নিকট নিম্নলিখিত বয়ানে আবেদন করতে হবে।

দরখাস্তের বয়ান

প্রতি,

অধিকর্তা, জনশিক্ষা প্রসার অধিকার, পশ্চিমবঙ্গ
বিকাশ ভবন, কলকাতা-৯১

----- তারিখ ----- পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপনের পরিপ্রেক্ষিতে আমি আমার সমস্ত তথ্য নিম্নে পেশ করছি।

- ১ পরীক্ষার নাম :-
- ২ ছাত্র/ছাত্রীদের নাম :-
- ৩ অভিভাবক/অভিভাবিকার নাম :-
- ৪ ঠিকানা (পিন কোড সহ) :-
- ৫ ফোন নং :-
- ৬ পরীক্ষায় প্রাপ্ত নম্বর (শতাংশ) :-
- ৭ ক) কোন ধরনের প্রতিবন্ধী :-
খ) প্রতিবন্ধকতার শতাংশ :-
- ৮ ছাত্র/ছাত্রী যে বিদ্যালয়/ বিশেষ বিদ্যালয়/সমাজ কল্যাণ আবাস থেকে পরীক্ষা দিয়েছে সেই বিদ্যালয়ের/সমাজ কল্যাণ আবাসের নাম ও ঠিকানা :-
- ৯ আবেদনকারী/আবেদনকারিণীর নিকটবর্তী যে State Bank of India বা যে Nationalized Bank এ Account আছে সেই
ক) Bank এর নাম Branch , :-
খ) ঠিকানা :-
গ) Bank Account No. :-
ঘ) Bank Account Code No. :-
ঙ) IFSC No. :-
চ) CIF No. :-

দরখাস্তকারী/দরখাস্তকারিণীর স্বাক্ষর

বিঃদ্র

• নিম্নলিখিত কাগজগুলি গেজেটেড অফিসার/বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা অথবা ভারপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা দ্বারা প্রত্যায়িত নকল দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে।

১) প্রতিবন্ধকতার শংসাপত্র ২) মাধ্যমিক/উচ্চমাধ্যমিক মার্কশিট ৩) নিজের ঠিকানা লিখিত একটি খাম (পোস্টেজ স্টাম্প ছাড়া)

• দরখাস্ত জমা দেবার শেষ তারিখ : বিজ্ঞপ্তি প্রকাশ হওয়ার ৩০ দিনের মধ্যে। নির্দিষ্ট সময়সীমা অতিক্রান্ত হবার পর কোনভাবেই কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

• দরখাস্ত জমা দেবার ঠিকানা: সংশ্লিষ্ট জেলার জনশিক্ষা প্রসার অধিকারিকের কার্যালয়।

আই.সি.এ -২৩০৪(২)/২০১৮

অধিকর্তা
জনশিক্ষা প্রসার অধিকার
পশ্চিমবঙ্গ সরকার